

## নানা আয়োজনে বেবিচকে নববর্ষ উদযাপন

- A Monitor Desk Report

Date: 15 April, 2025



ঢাকাঃ বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) আয়োজন করে দিনব্যাপী বর্ণিল অনুষ্ঠানমালার।

সোমবার (১৪ এপ্রিল) রাজধানীর কুর্মিটোলায় সিভিল এভিয়েশন স্কুল অ্যান্ড কলেজ মাঠে আয়োজন করা হয় এই উৎসবের।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব নাসরিন জাহান। সভাপতিত্ব করেন বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ভূঁইয়া।

ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

উদ্বোধনের পরপরই বেবিচক কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বের হয় এক বর্ণাঢ্য শোভাযাত্রা। শোভাযাত্রাটি প্রতিষ্ঠান সংলগ্ন পার্ক এলাকা প্রদক্ষিণ করে এবং আশপাশের পরিবেশে উৎসবের আমেজ ছড়িয়ে দেয়।

পরে অতিথিরা পরিদর্শন করেন মেলার বিভিন্ন স্টল, যেখানে প্রদর্শিত হয় বাঙালির লোকজ খাবার, হস্তশিল্প, খেলনা এবং গ্রামীণ সাজসজ্জা। বেবিচকের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরাও এসব স্টল ঘুরে দেখেন ও উপভোগ করেন লোকজ ঐতিহ্যের অনুষ্ণা।

আয়োজনের অন্যতম আকর্ষণ ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে আবৃত্তি, সংগীত, নৃত্য ও নাটিকা পরিবেশিত হয়। এছাড়া ছিলো বিভিন্ন খেলাধুলা এবং পুরস্কার বিতরণী।

প্রধান অতিথি নাসরিন জাহান বলেন, এমন প্রাণবন্ত আয়োজনে অংশ নিতে পেয়ে আমি গর্বিত। এটি কেবল একটি উৎসব নয়, বরং আমাদের সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতিসত্তার প্রকাশ। বেবিচকের এমন আয়োজন সত্যিই প্রশংসনীয়।

বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মঞ্জুর কবীর ডুইয়া বলেন, বৈশাখ আমাদের শিকড়ের কাছে ফেরায়, জাতিসত্তা ও মূল্যবোধকে জাগ্রত করে। বেবিচক একটি জনবান্ধব প্রতিষ্ঠান গড়ে তুলতে অগ্রণী ভূমিকা রাখছে এবং সাংস্কৃতিক চেতনা এই পথচলায় অনুপ্রেরণা জোগাচ্ছে।

-B